

আমার প্রাণের মানুষ আছে প্রাণে
 তাই হেরি তায় সকল খানে ॥
 আছে সে নয়নতরায় আলোকধারায়, তাই না হারায়—
 ওগো তাই দেখি তায় যেথায় সেথায়
 তাকাই আমি যে দিক-পানে ॥
 আমি তার মুখের কথা শুনব ব'লে গেলাম কোথা,
 শোনা হল না, হল না—
 আজ ফিরে এসে নিজের দেশে এই-যে শুনি
 শুনি তাহার বাণী আপন গানে ॥
 কে তোরা খুঁজিস তারে কাঙাল-বেশে দ্বারে দ্বারে,
 দেখা মেলে না মেলে না,—
 তোরা আয় রে ধেয়ে দেখ্ রে চেয়ে আমার বুক—
 ওরে দেখ্ রে আমার দুই নয়ানে ॥

Parjaay: Puja, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail